

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা।  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৬৩.১১.০০১.১৫-১৫৩


তারিখ: ০১/১২/২০২০ খ্রি:।

**বিষয়:** লালমনিরহাট পৌরসভা কর্তৃক প্রকাশিত পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী জনবল নিয়োগ না করা প্রসঙ্গে।

**সূত্র:** উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট হতে প্রাপ্ত পত্র নং-০৫.৪৭.৫২০০.০২৬.০৪.০০৬.১৭-২৭৯; তারিখ: ২৯/০৯/২০২০।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লালমনিরহাট পৌরসভায় প্রায় ১ (এক) কোটি টাকা বিদ্যুৎ বিল বকেয়া, পৌরসভায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন-ভাতাদি বাবদ ০৮(আট) মাসের প্রায় ৬ (ছয়) কোটি টাকা এবং বিএমডিএফ হতে ঋণ বাবদ ৩০ লক্ষ টাকা বকেয়া রয়েছে যা তদন্তে প্রমাণিত হয়েছে। এছাড়া লালমনিরহাট পৌরসভার নির্বাচন অত্যাঙ্গন।

০২। এমতাবস্থায়, পৌরসভা কর্তৃক প্রকাশিত পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী জনবল নিয়োগাদেশটি পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নির্দেশক্রমে এতদ্বারা স্থগিত করা হলো এবং পৌরসভায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন-ভাতাদি বকেয়া থাকা সত্ত্বেও নতুন করে কেন কর্মচারী নিয়োগ প্রদানের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে তার ব্যাখ্যা প্রদানসহ মন্ত্রণালয়ের অনুমতি ব্যতিরেকে উক্ত নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন না করার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোহাম্মদ ফারুক হোসেন)  
উপসচিব  
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র

লালমনিরহাট পৌরসভা, লালমনিরহাট।

**অনুলিপি:**

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, লালমনিরহাট।
৪. উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্যানেল মেয়র-১(কাউন্সিলর-০৮ নং ওয়ার্ড), লালমনিরহাট পৌরসভা, লালমনিরহাট।
৮. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. অফিস কপি।